



মোহাম্মদপুরে যৌথ অভিযানে অস্ত্র ও মাদকসহ চারজন গ্রেফতার



সংগৃহীত ছবি

রাজধানীর মোহাম্মদপুরের জেনেভা ক্যাম্পে সেনাবাহিনী ও র‍্যাব-২ এর যৌথ অভিযানে অস্ত্র ও মাদকসহ চারজনকে গ্রেফতার করা হয়েছে। শুক্রবার (২৪ অক্টোবর) ভোররাতে পরিচালিত এই অভিযানে একটি বিদেশি পিস্তল ও বিপুল পরিমাণ গাঁজা উদ্ধার করা হয়।

সেনাবাহিনীর সূত্র জানায়, সম্প্রতি জেনেভা ক্যাম্প এলাকায় আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে তিনটি কুখ্যাত গ্যাং—চুয়া সেলিম, পিচ্চি রাজা ও বুনীয়া সোহেল—এর মধ্যে একাধিক সংঘর্ষ ঘটে। এসব সংঘর্ষে এলাকায় আতঙ্ক ছড়িয়ে পড়ে। গত ২১ অক্টোবর পিচ্চি রাজা বাহিনীর আন্তনায় অভিযান চালিয়ে ৩২টি তাজা ককটেলসহ চারজনকে গ্রেফতার করে নিরাপত্তা বাহিনী। এরপর ২৩ অক্টোবর প্রতিদ্বন্দ্বী গ্যাংয়ের হামলায় বুনীয়া সোহেল গ্রুপের সদস্য জাহিদ (২০) নিহত হয়।

ঘটনার ধারাবাহিকতায় সেনাবাহিনী ও র‍্যাব-২ সুনির্দিষ্ট গোয়েন্দা তথ্যের ভিত্তিতে শুক্রবার ভোরে জেনেভা ক্যাম্পে অভিযান চালায়। অভিযানে আব্দুল্লাহ সারমান (৩১), ইমরান হোসেন আলম (২৮), মো. আকাশ (২৫) ও মো. সোহেল (২৮) নামের চারজনকে গ্রেফতার করা হয়। এদের মধ্যে মো. সোহেল বুনীয়া সোহেল বাহিনীর ম্যানেজার হিসেবে পরিচিত। তাদের কাছ থেকে একটি ৭.৬৫ মি.মি. ইতালিয়ান বিদেশি পিস্তল এবং প্রায় ১.৫ কেজি গাঁজা উদ্ধার করা হয়।

এ বিষয়ে সেনাবাহিনীর ৪৬ স্বতন্ত্র পদাতিক ব্রিগেডের একজন দায়িত্বশীল কর্মকর্তা জানান, “মোহাম্মদপুর এলাকায় সন্ত্রাস ও মাদক নির্মূলে আমরা নিরলসভাবে কাজ করছি। গতকাল সন্ধ্যায়ও মোহাম্মদপুর থানা পুলিশ প্রায় ২০ জন অপরাধীকে গ্রেফতার করেছে। আমাদের এমন যৌথ অভিযান নিয়মিতভাবে অব্যাহত থাকবে।”